2013

BENGALI (Honours)

Fifth Paper

Full Marks : 100 Time : Four Hours

ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) ঐতিহাসিক নাটক কাকে বলে? ঐতিহাসিক তথ্যের বিশ্বস্ত অনুকরণ থাকলেই কি তাকে ঐতিহাসিক নাটক বলা যায়? বাংলায় রচিত যে-কোনো একটি সার্থক ঐতিহাসিক নাটকের আলোচনা করে তার সাফল্যের কারণ দেখাও। ২+৩+৫=১০

(খ) একাঙ্ক নাটক বলতে কি বোঝো? ছোটোগল্পের সঙ্গে এর মিল ও অমিলগুলি কী কী? একটি সার্থক একাঙ্ক নাটকের সংক্ষিপ্ত আলোচনা করো। ২+৩+৫=১০

(গ) গ্রিক ট্র্যাজেডি ও শেক্সপীয়রীয় ট্র্যাজেডির মধ্যে পার্থক্য কোথায়? দুটি গ্রিক ট্র্যাজেডি ও দুটি শেক্সপীয়র রচিত ট্র্যাজেডির নাম লেখো। ৮+২=১০

(ঘ) গীতিনাট্য ও নৃত্যনাট্যের একটি তুলনামূলক আলোচনা করো। ১০

P.T.O.

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) ন্যাশনাল থিয়েটার কবে কাদের উদ্যোগে প্রতিষ্ঠিত হয়? প্রথম রজনীতে কার কোন্ নাটক অভিনীত হয়? সংক্ষেপে বাংলা থিয়েটারের ইতিহাসে ন্যাশনাল থিয়েটারের অবদান আলোচনা করো। ২+২+৬=১০

(খ) স্টার থিয়েটার নির্মাণের নেপথ্যে গিরিশচন্দ্র ও বিনোদিনীর অবদান সংক্ষেপে আলোচনা করো। ১০

(গ) 'নাট্য নিয়ন্ত্রণ আইন' কী? বাংলা নাটক ও রঙ্গমঞ্চকে এই আইন কতখানি প্রভাবিত করেছিলো—আলোচনা করো। ৩+৭=১০

(ঘ) রবীন্দ্রনাথের নাটকের মধ্য দিয়ে যে বিশিষ্ট মঞ্চকলা বা মঞ্চভাবনার পরিচয় পাওয়া যায়, তা নানা কারণে অভিনবত্বের দাবী করে—আলোচনা করো। ১০

৩। 'নীলদর্পণ' নাটকে দুই ধরনের চরিত্র লক্ষ করা যায়, অভিজাত ও সাধারণ—চরিত্র আলোচনা করে দেখাও কোন্ জাতীয় চরিত্র সৃষ্টিতে নাট্যকার অধিক সফল। ১৬

অথবা,

ট্র্যাজেডি বলতে কি বোঝো? ট্র্যাজেডি রচনার প্রয়াস ব্যর্থ হলেই কি তাকে মেলোড্রামা বলা যায়? 'নীলদর্পণ' নাটকের প্রেক্ষিতে তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ২+১+১৩=১৬

৪। 'মুক্তধারা' নাটকের প্রথম থেকে শেষপর্যন্ত—'পথ' এক গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে—আলোচনা করো। ১৬

অথবা,

'মুক্তধারা' নাটকে রবীন্দ্রনাথ যান্ত্রিকতা এবং হিংসাত্মক জাতীয়তার বিরুদ্ধে প্রতিবাদ ঘোষণা করেছেন—আলোচনা করো। ১৬

৫। দিলরুবার তার ছিঁড়ে যাবার অনুষঙ্গ কীভাবে 'ছেঁড়াতার' নাটকের নামকরণকে ব্যঞ্জনায় সার্থক করে তুলেছে তা বিশ্লেষণ করে দেখাও। ১৬

অথবা,

'ছেঁড়াতার' প্রতিবাদের নাটক। মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১৬

৬। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) 'ও ঝ্যামন কুকুর মুই তেমন মুগুর, সমিন্দির ঝ্যামন চাবালি, মোর তেমনি হাতের পোঁচা।'—বক্তা কে? কোন্ প্রসঙ্গে এই উক্তি? এর অর্থ বুঝিয়ে দাও। ১+১+২=৪

(খ) 'মুক্তধারা' নাটকে 'তৃষ্ণাদানবী' বলতে কাকে বোঝানো হয়েছে? কে প্রসঙ্গটি উত্থাপন করেছে? ২+২=৪

(গ) 'মানুষের জানটাও বাজাটারে মত। ভাল করি বাজাইলে কত সুর উঠে।'—কার প্রতি কার উক্তি? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ১+৩=৪

(ঘ) 'নীলদর্পণ' নাটকটি কবে রচিত হয়? এর ইংরেজি অনুবাদক কে? নাটকটি কবে কোথায় প্রথম অভিনীত হয়? ১+১+২=৪

(ঙ) "অভ্যাস না কইল্যে চইলবার পারবু ক্যানে?" কোন্ প্রসঙ্গে, কোথায় কে এই উক্তি করেছে? উক্তিটিতে উভয়ের সম্পর্কের কোন্ দিক ফুটে ওঠে? ৪

2013

BENGALI (Honours)

Sixth Paper

Full Marks : 100 Time : Four Hours

ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। 'জনা' এবং 'তারা' উভয়েই 'বীরাঙ্গনা' হিসাবে পরিচিত হয়েছে মধুসূদনের কাব্যে। ভিন্নতা থাকলেও তাঁরা কীভাবে বীরাঙ্গনা হয়ে উঠেছেন তা 'বীরাঙ্গনা কাব্য' অবলম্বনে আলোচনা করো। ৮+৮=১৬

অথবা,

একদিকে 'আধুনিকতা' অন্যদিকে নারী ব্যক্তিত্বের জাগরণ 'বীরাঙ্গনা' কাব্যে কীভাবে প্রতিষ্ঠিত হয়েছে তা আলোচনা করো।

২। 'সোনার তরী' কাব্যের প্রথম ও শেষ কবিতা দুটির মধ্যে যে ভাবগত যোগ রয়েছে তার স্বরূপ ব্যাখ্যা করো। ১৬

অথবা,

শুধু প্রকৃতি বর্ণনা নয়, প্রকৃতির প্রতি তাঁর বিশেষ দৃষ্টিভঙ্গির ক্ষেত্রেও 'সোনার তরী' পরিণতি'র কাব্য—আলোচনা করো।

৩। 'প্রবীণ' ও 'রাত্রি' কবিতা দুটির মধ্যে একটা ঐক্য রয়েছে, উভয়ের সুর একই সূত্রে বাঁধা—আলোচনা করো। ১৬

অথবা,

P.T.O.

'নবজাতক' কাব্যে আধুনিকতার কোন্ কোন্ লক্ষণ ফুটে উঠেছে তা উদাহরণসহ আলোচনা করো।

৪।(ক) নজরুল ইসলামের 'দারিদ্র্য' কবিতায় কীভাবে পুরাণের রূপান্তর ঘটেছে তা বুঝিয়ে লেখো। ১০

অথবা,

'পান্থ' কবিতাটির মধ্যে মোহিতলালের রবীন্দ্র বিরোধিতার স্বরূপ কীভাবে ফুটে উঠেছে তা কবিতাটি অবলম্বনে আলোচনা করো।

(খ) যতীন্দ্রনাথ, নজরুল ও মোহিতলাল রবীন্দ্র বিরোধী কবি হিসাবে পরিচিত হলেও রবীন্দ্র কবিতার ভাবমানসের নানা বৈশিষ্ট্য তাঁদের কবিতায় দেখা যায়।—বিষয়টি আলোচনা করো। ১০

অথবা,

'কুমুদরঞ্জন একাধারে বাউল ও কবি'—আলোচনা করো।

৫।(ক) জীবনানন্দ দাশের কবিভাবনায় ইতিহাসচেতনা, রোমান্টিকতা ও পরাবাস্তবতার পরিচয় পাওয়া যায় 'নগ্ন নির্জন হাত' কবিতাটির মধ্যে।—আলোচনা করো। ১০

অথবা,

রবীন্দ্র কাব্যের চূর্ণ ও বিকীর্ণ অংশের বুদ্ধিদীপ্ত ব্যবহার কীভাবে 'টপ্পা-ঠুংরি' কবিতার আধুনিকতায় নতুন মাত্রা সংযোজন করেছে তা আলোচনা করো।

(খ) আধুনিক কবিতা বলতে কি বোঝো? আধুনিক কবিতার যে লক্ষণগুলির পরিচয় পাওয়া যায় তা তোমার পঠিত কবিতাগুলি অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা,

রবীন্দ্র বিরোধিতার মধ্যে দিয়ে কীভাবে আধুনিকতার সুর ধ্বনিত হয়েছিল তা বুদ্ধদেব বসুর 'বন্দীর বন্দনা' কবিতা অবলম্বনে আলোচনা করো।

৬। যে-কোনো **তিনটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৪×৩=১২

(ক) "জানি তার অনেকটা মায়া/অনেকটা ছায়া।"

উদ্ধৃতিটিতে কি জানার কথা বলা হয়েছে? তাকে মায়া ও ছায়ার সঙ্গে তুলনা করার কারণ কি? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) "ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোট সে তরী"

—অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) "যদি মরণ লভিতে চাও, এসো তবে ঝাঁপ দাও সলিল মাঝে।"

—উদ্ধৃতাংশটি কোন্ কবিতার অংশ? 'মরণ' লাভ করার জন্য 'সলিল' মাঝে ঝাঁপ দিতে কবি কেন আহ্বান জানিয়েছেন লেখো।

(ঘ) "....মজ্জমান জন, শুনিয়াছি, ধরে
তৃণে, আর কিছু যদি না পায় সম্মুখে!
জীবনের আশা, হায়, কে ত্যজে সহজে!"

—উদ্ধৃতিটি কোন্ পত্রিকার অন্তর্গত। এখানে মজ্জমান জন কে? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

P.T.O.

(ঙ) "নীল শৈলের গায়ে

দেখা দিল রঙপুর।"

অংশটিতে নীল শৈলের গায়ে প্রকৃতপক্ষে কোন্ অঞ্চল দেখা দেয়? কবি কত বছর বয়সে কোথায় কবিতাটি রচনা করেন? অংশটির তাৎপর্য লেখো।

2013

BENGALI (Honours)

Seventh Paper

Full Marks : 100 Time : Four Hours

ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। "জীবের ধাত্রী যিনি ধরিত্রী, জাতির মধ্যে তিনিই ত দেশ, মানুষের কাছে তিনিই বাস্তু; সেই বাস্তুর প্রতিমূর্তি তুমি।.... তুমি তো আমায় বাস্তুকে চিনিয়েছ, তাতেই চিনেছি দেশকে। আশীর্বাদ কর, ধরিত্রীকে চিনে যেন তোমায় চেনা শেষ করতে পারি।"—উদ্ধৃত মন্তব্যের আলোয় শিবনাথের ব্যক্তিত্ব বিকাশে পিসিমার ভূমিকা পর্যালোচনা করো। ১৬

অথবা,

'তারাশঙ্করের 'ধাত্রীদেবতা' রাঢ়ের জীবনকাহিনি নির্ভর একটি আঞ্চলিক উপন্যাস'—উক্তিটির যথার্থতা বিচার করো। ১৬

২। 'মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে হোসেন মিঞা ও ময়নাদ্বীপ এক স্বতন্ত্র গল্পের সন্ধান দেয়।'—আলোচনা করো। ১৬

অথবা,

"বাংলা সাহিত্যে লোকায়ত জীবনাশ্রিত বাস্তবরসপুষ্ট উপন্যাস হিসাবে 'পদ্মানদীর মাঝি' বিশিষ্টতা লাভ করেছে।"—এই মন্তব্যটি সমর্থন করা যায় কিনা তা উপন্যাস অবলম্বনে আলোচনা করো। ১৬

P.T.O.

৩। " 'জাগরী' উপন্যাসে দুই সন্তানকে নিয়ে টানাপোড়েনে মা চরিত্রটি জীবন্ত হয়ে উঠেছে।"—আলোচনা করো। ১৬

অথবা,

"রাজনীতি নয়, জীবনধর্মিতাই সতীনাথ ভাদুড়ীর 'জাগরী'র মর্মমূলের ধ্রুবসত্য।"—আলোচনা করো। ১৬

৪।(ক) " 'প্রথম প্রতিশ্রুতি' সামাজিক অন্তঃপুরের কাহিনি"—আলোচনা করো। ১০

অথবা,

'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে রামকালী চরিত্রের সার্বিক পরিচয় দাও। ১০

(খ) 'ট্রিলজি' উপন্যাসের প্রাথমিক প্রস্তাবনা হিসাবে আশাপূর্ণা দেবীর 'প্রথম প্রতিশ্রুতি' কতখানি সার্থক—আলোচনা করো। ১০

অথবা,

সত্যবতীর আত্মসত্তা-সন্ধানে রামকালী, এলোকেশী ও নবকুমারের ভূমিকা পর্যালোচনা করো। ১০

৫।(ক) " 'নিষাদ' গল্পটির বিন্যাস বিমল করের পরিণত শিল্পচেতনার স্বাক্ষর।"—আলোচনা করো। ১০

অথবা,

"একটি বাস্তব খণ্ডযুদ্ধের উত্তাপকে যেভাবে গল্পের সত্য, করে তুলেছেন নারায়ণ গঙ্গোপাধ্যায়, তাতে 'রেকর্ড' শুধু এক গ্রামাফোন রেকর্ডের গল্প হয়ে থাকেনি; হয়ে উঠেছে সমাজবাস্তব ইতিহাসের অন্যতম মূল্যবান আকর।"—মন্তব্যটির আলোয় 'রেকর্ড' গল্পটি ব্যাখ্যা করো। ১০

(খ) "মনস্তাত্ত্বিক দিক থেকে 'স্টোভ' গল্পটি একটি সার্থক সৃষ্টি।"—আলোচনা করো। ১০

অথবা,

" 'চোর' গল্পটি শ্রেণিবিভক্ত সামাজিক সম্পর্কের জটিল প্রবাহকে উদ্ঘাটন করেছে।"—আলোচনা করো। ১০

৬। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) 'ধাত্রীদেবতা' শব্দটির অর্থ কী? উপন্যাসের এমন নামকরণের তাৎপর্য কী? ১+৩=৪

(খ) গণেশ ও কুবের দুজনেই জেলে, মাছ ধরে; তবু দুজনে সমান নয় কেন? ৪

(গ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে মেজবাবু চরিত্রের পরিচয় দাও। ৪

(ঘ) 'জাগরী' উপন্যাসের বিলু চরিত্রের রাজনৈতিক মত ও বিশ্বাসের পরিচয় দাও। ৪

(ঙ) 'জাগরী' উপন্যাসে পিতার ভূমিকা ব্যাখ্যা করো। ৪

2013

BENGALI (Honours)

Eighth Paper

Full Marks : 100 Time : Four Hours

ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১।(ক) 'মৃচ্ছকটিক'-কে প্রকরণ আখ্যা দেওয়ার তাৎপর্য ব্যাখ্যা করো। এই নাটকের বিষয়বস্তু বিশ্লেষণ করে সংস্কৃত নাট্য-সাহিত্যে এর অভিনবত্ব সম্পর্কে আলোচনা করো। ৫+৫=১০

অথবা,

'অভিজ্ঞান শকুন্তলম্' নাটককে মহাকবি গ্যেটে 'স্বর্গ ও মর্তের মিলন কেন্দ্র' বলেছেন। এ উক্তির সার্থকতা বিচার করো। ১০

(খ) 'কাদম্বরী' অবলম্বনে বাণভট্টের রচনারীতির বৈশিষ্ট্য নিরূপণ করো এবং এই গ্রন্থটিকে 'একটি চিত্রশালা' বলার কারণ নির্দেশ করো। ৭+৩=১০

অথবা,

রামায়ণী উপাদান নিয়ে রচিত ভবভূতির নাটকগুলি সম্পর্কে আলোচনা করো। তিনি তাঁর সৃষ্টির মূল্যায়নের জন্য 'নিরবধিকাল' ও 'বিপুলা পৃথ্বী'র জন্য প্রতীক্ষা করার কথা কেন ভেবেছিলেন? ৫+৫=১০

P.T.O.

২।(ক) বাংলা ও হিন্দি সাহিত্যের পারস্পরিক সম্পর্কের ইতিহাস সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা,

'ভারতচেতনা ও স্বদেশপ্রেরণা', মৈথেলীশরণ গুপ্তের কাব্যের একটি প্রধান বৈশিষ্ট্য।'—মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১০

(খ) হিন্দি কথাসাহিত্যে প্রেমচন্দের অবদান আলোচনা করো। ১০

অথবা,

'ছায়াবাদ' কী? ছায়াবাদী আন্দোলনের প্রবর্তক কবিদের মধ্যে সুমিত্রানন্দন পন্থের কাব্যধারার বিশেষত্ব আলোচনা করো। ৩+৭=১০

৩। কাব্যের আত্মা তার বাচ্য নয়, 'ব্যঞ্জনা', কথা নয়, 'ধ্বনি'—উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১৬

অথবা,

'রস ও কাব্যের জগৎ অলৌকিক মায়ার জগৎ।' আলোচনা করো।

৪। 'সাহিত্যকারদের শ্রেষ্ঠ চেষ্টা কেবল বর্তমানকালের জন্য নহে। চিরকালের মনুষ্যসমাজই তাঁহাদের লক্ষ্য।'—ব্যাখ্যা করো। ১৬

অথবা,

'সৌন্দর্যবোধ' প্রবন্ধে সত্য, শিব ও সুন্দরের সম্পর্ক বিষয়ে রবীন্দ্রনাথ যে আলোকপাত করেছেন সে নিয়ে আলোচনা করো।

৫। সংক্ষেপে আলোচনা করো :

(ক) 'বাক্যং রসাত্মকং কাব্যম্'—এই মতের প্রবক্তা কে? উক্তিটির তাৎপর্য সংক্ষেপে ব্যাখ্যা করো। ১+৩=৪

অথবা,

'বিভাব ও অনুভাব'—'সকল হৃদয়ে সমবাদী'—এই মতের প্রবক্তা কে? তাঁর উক্তিটির তাৎপর্য সংক্ষেপে বুঝিয়ে দাও। ১+৩=৪

(খ) 'নীরব কবিত্ব'কে রবীন্দ্রনাথ 'বাজে কথা' বলেছেন কেন? ৪

অথবা,

'অপরূপকে রূপের দ্বারা ব্যক্ত করিতে গেলে বচনের মধ্যে অনির্বচনীয়তাকে রক্ষা করিতে হয়।' উদ্ধৃতির তাৎপর্য ব্যাখ্যা করো। ৪

৬। প্রবন্ধ রচনা করো (যে-কোনো একটি) : ২০

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে নিম্নবর্গের মানুষ।

(খ) বাংলা উপন্যাসে রাজনৈতিক চিন্তা।

(গ) দ্বিজেন্দ্রলাল রায় : সার্ধশতবর্ষের মূল্যায়ন।

(ঘ) উত্তরবঙ্গে লিটল্ ম্যাগাজিন : সমস্যা, সম্ভাবনা ও বিষয়বৈচিত্র্য।

(ঙ) শ্রীচৈতন্য ও বাংলা সাহিত্য।

(চ) বাংলা সাহিত্যে আত্মজীবনী।